



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৮.২০.২২১

তারিখ: ২০ আষাঢ়. ১৪২৭
০৪ জুলাই ২০২০

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: অধ্যক্ষের পত্র নং- ২৮৪; তারিখ: ১৩/০৬/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলহাজ্ব শামসুর রহমান মডেল কলেজ, ফরিদপুর, পাবনা এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব সংক্রান্ত বিষয়ে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আবেদন করেন।

আলহাজ্ব শামসুর রহমান মডেল কলেজ, ফরিদপুর, পাবনা ২০১০ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২০১৩ সালে একাডেমিক স্বীকৃতি পায়। বেতন ভাতা না থাকায় যোগ্যতা সম্পন্ন অধ্যক্ষ না পাওয়ায় প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে সন্তোষ কুমার কুন্ড কে নিয়োগ দেয়া হয়। প্রতিষ্ঠানটি ২৩/১০/২০১৯খ্রি. তারিখ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এমপিওভুক্ত হয়। তাঁর স্বাক্ষরে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির আবেদন অগ্রায়ন করা হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী অধ্যক্ষের বয়স ৬০ বছরের উর্ধ্বে হওয়ায় উক্ত এমপিওভুক্তির আবেদনে আপত্তি প্রদান করেন। উক্ত আপত্তির প্রেক্ষিতে তিনি ০২/০৬/২০২০খ্রি. তারিখ স্বেচ্ছায় পদত্যাগ করেন। অধ্যক্ষ পদ শূন্য হলে জনাব মো: সারোয়ার হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান) কে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।

উপর্যুক্ত সূত্রের প্রেরিত কলেজ কর্তৃক শিক্ষক তালিকা অনুসারে বর্তমানে কর্মরত শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতা নিম্নরূপ:

ক্রমিক নং	নাম, পদবি ও জন্মতারিখ	যোগদানের তারিখ	মন্তব্য
০১।	জনাব মো: রমজান আলী প্রভাষক, বাংলা জন্মতারিখ: ০১/০৩/১৯৭৬	১২/০৭/২০০৯	
০২।	মো: সারোয়ার হোসেন প্রভাষক, হিসাববিজ্ঞান জন্মতারিখ: ০১/০২/১৯৭৮	১২/০৭/২০০৯	
০৩।	মো: জিয়াদুল ইসলাম প্রভাষক, ইংরেজী জন্মতারিখ: ০১/০৭/১৯৭৯	১২/০৭/২০০৯	

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূন্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। সে হিসেবে উক্ত প্রতিষ্ঠানে জনাব মো: রমজান আলী, প্রভাষক, বাংলা জ্যেষ্ঠতম শিক্ষক। তাঁকে বাদ দিয়ে কনিষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, জনাব মোঃ রমজান আলী, প্রভাষক, বাংলা জ্যেষ্ঠতম শিক্ষক হওয়ায় জনবল কাঠামো ও এম পি ও নীতিমালা - ২০১৮ এর ধারা -১৩ এবং শিক্ষা মন্ত্রণালয়ের উল্লেখিত পরিপত্র অনুসারে তাকে অধ্যক্ষের (ভারপ্রাপ্ত) দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Handwritten signature

8-9-2020

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

সভাপতি, আলহাজ্ব শামসুর রহমান মডেল কলেজ, ফরিদপুর,
পাবনা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৮.২০.২২১/১(৫)

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৭

০৪ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশির ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আলহাজ্ব শামসুর রহমান মডেল কলেজ, ফরিদপুর, পাবনা
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, পাবনা
- ৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

Handwritten signature

8-9-2020

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক